বামন্দীতে আম বাগান থেকে ফেরার আগেই মোটরসাইকেল নিয়ে চম্পট

আম বাগান দেখে ফিরে এসেই আর মোটরসাইকেলটি খুজে পেলেন না মালিক আরিফ হোসেন। সে ফিরে আসার আগেই মোটরসাইকেলটি নিয়ে চম্পট দিয়েছে চোর।

আজ বুধবার (২৮ সেপ্টেম্বর) দুপুরের দিকে গাংনী উপজেলার বামন্দী- দেবীপুর সড়কের সাঈদ নাসার্রির কাছে এ চুরির ঘটনা ঘটে।

আরিফ হোসেন জানান, আমি সাঈদ নাসার্রির কাছে আমার এ্যাপাচি আরটিআর মোটরসাইকেলটি যার নং মেহেরপুর ল-১১৫২৩৮।

রেখে নার্সারির পাশেই আম বাগান দেখতে গেছি। সেখানে খুব বেশী সময় সেখানে থাকিনি। ফিরে এসে মোটরসাইকেলটি আর পাইনি। তার আগেই চোর নিয়ে পালিয়ে গেছে। ভুক্তভোগী আরিফ হোসেন বামন্দী ক্যাম্পপাড়া এলাকার সাবেক সেনা সদস্য আলিহীমের ছেলে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন। এব্যাপারে খোঁজ খবর নেওয়া হচ্ছে বলেও জানান তিনি।